# প্রাথমিক শিক্ষা সমাপনী
# পরীক্ষা ২০১৪ এর মডেল প্রশ্ন

## বিষয়ঃ বাংলা

**সময়ঃ ২ ঘন্টা ৩০ মিনিট** **পূর্ণমান-১০০**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩ এবং ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখঃ**

বিস্ময়কর এই পৃথিবীর গর্ভে লুকিয়ে আছে কতো না রহস্যময়তা। প্রকৃতি ও পরিবেশের বিভিন্ন উপাদান আমাদের জীবনের সাথে জড়িত। প্রকৃতির ভারসাম্য রক্ষায় সকল উপাদানই গুরুত্বপূর্ণ। যেমন বিস্ময়কর প্রাণিজগৎ। কিন্তু পৃথিবীর সকলদেশে সকল প্রাণী দেখতে পাওয়া যায় না। কোনো কোনো প্রাণী দেশকে বিখ্যাত করে। প্রাণিজগৎ আমাদের প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করে। তাই মানুষ আর প্রাণীর সাথে বন্ধুত্বপূর্ণ অবস্থানই পারে বিস্ময়কর এই প্রাণিজগৎকে বিলুপ্তির হাত থেকে রক্ষা করতে।

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখঃ** **১×৫=৫**

**i) প্রকৃতির সকল উপাদান-**

ক) সুন্দর খ) সার্থক গ) গুরুত্বপূর্ণ ঘ) সজীব

**ii) প্রাণিজগৎ কেমন?**

ক) রহস্যময় খ) বিস্ময়কর গ) বিলুপ্তির পথে ঘ) ভয়ঙ্কর

**iii) প্রকৃতির সকল উপাদান রক্ষা করতে প্রয়োজন-**

ক) প্রাণিজগতের বংশবৃদ্ধি খ) প্রাণীর বিলুপ্তি হ্রাস করা

গ) প্রাকৃতির ভারসাম্য রক্ষা ঘ) রহস্যের জাল উন্মোচন

**iv) প্রাণিজগতের বিলুপ্তি রোধে প্রয়োজন-**

ক) প্রকৃতির পরিবর্তন সাধন করা খ) প্রাণির প্রতি মানুষের ভালোবাসা সৃষ্টি করা

গ) বাস্তুসংস্থান ব্যবস্থা উন্নত করা ঘ) শিকারীদের কারাবাস দেওয়া

**v) প্রাণিকুল রক্ষার জন্য করণীয়-**

ক) প্রাণীর প্রতি ভালোবাসা সৃষ্টি খ) প্রাণীর সংরক্ষণে যত্নশীল হওয়া

গ) বন্ধুত্বপূর্ণ আচরণ করা ঘ) মানুষের মানসিকতা পরিবর্তন

**২। নিচের কয়েকটি শব্দ এবং শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি দিয়ে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ কর।** **১×৫=৫**

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| বিস্ময় | আশ্চর্য, অবাক |
| রহস্য | মর্ম, গূঢ়, তাৎপর্য |
| রক্ষা | উদ্ধার, পরিত্রাণ |
| বন্ধু | মিত্র, সখা |
| গুরুত্ব | প্রয়োজনীয়তা |
| ধ্বংস | বিনাশ |

ক) প্রাণিকুলকে -----------করতে হবে আমাদেরকেই।

খ) পৃথিবীর মধ্যে প্রাণিজগৎ এক------------।

গ) পরিবেশের ভারসাম্য রক্ষায় প্রকৃতির সাথে মানুষের মতো আচরণ করতে হবে------।

ঘ) প্রকৃতির সকল উপাদানের -----------সমান।

ঙ) পৃথিবীর -------------উন্মোচন সহজ নয়।

Copyright Md Shah Jamal

৩। নিচের যুক্তবর্ণগুলো কোন কোন বর্ণ দিয়ে তৈরি তা লেখ এবং প্রদত্ত যুক্তবর্ণ দিয়ে একটি করে শব্দ লেখ। ১×৫=৫

স্ম, ক্ষ, ত্ত্ব, ন্ধ, গু।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখঃ ৫×২=১০

ক) পরিবেশের ভারসাম্য রক্ষায় প্রাণিজগতের ভূমিকা কী?

খ) প্রাণিজগৎকে বিলুপ্তির হাত থেকে রক্ষা করতে হলে আমাদের কী উচিত? পাঁচটি বাক্যে লেখ।

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬, ৭ ও ৮ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখঃ**

হাতি সেই গর্তে তলিয়ে যেতে যেতে বাঁচাও বাঁচাও বলে চিৎকার করতে থাকল। বলল, শেয়াল ভায়া, আমাকে বাঁচাও। শেয়াল ততক্ষণে নদীর পার হয়ে তীরে উঠে এসেছে। বনের সমস্ত প্রাণী তার পেছনে এসে দাঁড়াল। শেয়াল বলল, তোমাকে বাঁচাব আমরা? এতদিন তোমার অত্যাচারে আমরা কেউ বনে শান্তিতে একবেলা ঘুমুতেও পারিনি। তাই তোমাকে শাস্তি দেওয়ার জন্যেই তো নদীতে নিয়ে এসেছি। বনের যত প্রাণী ছিল। সবাই শেয়ালের কথার প্রতিধ্বনি করে সমস্বরে বলে উঠলঃ

ঠিক বলেছ শেয়াল ভায়া
আর দেখব না হাতির ছায়া
আমরা এখন মুক্ত স্বাধীন
নাচছি সবাই তা ধিন তা ধিন।

৫। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখঃ ৫×১=৫

i) হাতি কোথায় তলিয়ে যেতে লাগল?

ক) গর্তে খ) খাদে গ) নদীতে ঘ) সাগরে

ii) হাতি কাকে বলল বাঁচাতে?

ক) শেয়ালকে খ) সিংহকে গ) বানরকে ঘ) সাপকে

iii) বনের সমস্ত প্রাণী কার পিছনে এসে দাঁড়াল?

ক) হাতির খ) সিংহের গ) বানরকে ঘ) সাপকে

iv) কাকে শাস্তি দেওয়ার জন্য নদীতে নিয়ে এসেছিল?

ক) হাতিকে খ) শেয়ালকে গ) সিংহকে ঘ) বানরকে

v) একসঙ্গে শব্দ করা বা কথা বলাকে এককথায় কী বলে-

ক) উচ্চঃ স্বরে খ) সমস্বরে গ) একস্বরে ঘ) বহুস্বরে

৬। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখঃ ৫×২=১০

ক) হাতিটা কেমন ছিল?

খ) বণ্য প্রাণীদের মধ্যে সবচেয়ে বুদ্ধিমান কে?

গ) হাতিকে শায়েস্তা করার দায়িত্ব কার ওপরেই পড়ে?

ঘ) হাতি নদীর পানিতে সেখানে পা দিয়েছিল সেটা আসলে কী ছিল?

ঙ) অহংকারী ও অত্যাচারীর পরিনাম শেষ পর্যন্ত কী হয়?

৭। প্রদত্ত অনুচ্ছেদটির সারাংশ লেখ। ৫

৮। প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখঃ ১×৫=৫

সমস্ত, শাস্তি, সমস্বর, শান্তি, বন।

Copyright Md. Shah Jamal

**৯। নিচের বাক্যের দাগ দেওয়া শব্দগুলোকে শুদ্ধ করে লেখঃ** ১×৫=৫

ক) সংস্কৃতি ভেদে পোসাকের রকমফের দেখা যায়।

খ) বাংলাদেশ পালা পার্বনের দেশ।

গ) ব্যাঘ্র শিকার দন্ডনীয় অপরাধ।

ঘ) নদীর আরেক নাম শ্রোতশিনী।

ঙ) বীররা মরণ যন্ত্রনাকে বরণ করছে।

**১০। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখঃ** ১×৫=৫

হিন্দুদের দুর্গাপুজা ছাড়াও এত উৎসব আছে যে বারো মাসে তের পার্বণ লেগেই থাকে বৌদ্ধদের আছে সারা বছরে কয়েকটি বৌদ্ধপুর্ণিমা।

**১১। এক কথায় প্রকাশ করঃ** ১×৫=৫

একসাথে অনেক কিছুর সমাগম, দেশের জন্য প্রান দানকারী, লোপ পেয়েছে এমন, কোনো কিছুকে সাদরে গ্রহণ করা, খারাপ মেজাজ।

**১২। নিচের বাক্যগুলোর দাগ দেওয়া শব্দের বিপরীত শব্দ লেখ। (বাক্য লেখা যাবে না)** ১×৫=৫

ক) অনেকের প্রচেষ্টা সার্থক হয়।

খ) গ্রামের পাশেই রয়েছে একটি স্রোতস্বিনী।

গ) লোকটি সব সময় বিমর্ষ থাকে।

ঘ) তুমিই আমার জীবন।

ঙ) শ্রমিকেরা দিনভর কাজ করছে।

**১৩। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখঃ**

গাছে ডাকে শত পাখি সারা দিনভর।
গরু ডাকে হাঁসে ডাকে-ডাকে কবুতর
মোরগের ডাক শুনি প্রতিদিন ভোরে
দোয়েল চড়ুই মিলে কিচির মিচির
নিশিরাতে কুকুরের দল ডাকে জোরে
গান শুনি ঘুঘু আর টুনটুনিটির।

ক) কবিতার চরণগুলো সাজিয়ে লেখ।

খ) কবিতাংশটি কোন কবিতার? ১

গ) কবির নাম কী? ১

ঘ) i) কবিতায় কোন কোন পশু ও পাখির কথা বলা হয়েছে? ১

ii) গ্রামের মানুষ কোন পাখির ডাক শুনে ঘুম থেকে ওঠে? ১

১৪। মনে কর, তোমার নাম রাম্মী/ রোহানা। তোমার বিদ্যালয়ের নাম গতিপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়। তোমার জরিমানা মওকুফের জন্য প্রধান শিক্ষকের নিকট একটি আবেদন পত্র লিখ। ৫

Copyright Md Shah Jamal

১৫। ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার জন্য একটি ফরম পূরণ কর। আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ফরম। এখন প্রয়োজনীয় তথ্য দ্বারা নিচের ফরমটি পূরণ কর। ৫

## প্রতিযোগিতা ফরম

শিক্ষার্থীর নাম :..........................................................................

বিদ্যালয়ের নাম : ..........................................................................

শ্রেণি....................রোল নং........................................

শিক্ষার্থীর পিতার নাম :..........................................................................

শিক্ষার্থীর মায়ের নাম :..........................................................................

বর্তমান ঠিকানা : গ্রাম/ সড়ক নং.......................................................

ডাকঘর/মহল্লা:.......................................................

উপজেলা: .......................................................

জেলা: .......................................................

স্থায়ী ঠিকানা : গ্রাম/ সড়ক নং.......................................................

ডাকঘর/মহল্লা:.......................................................

উপজেলা: .......................................................

জেলা: .......................................................

জন্ম তারিখঃ..........................................................................

যে সব প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক ঃ

ক) ..........................................................................

খ) ..........................................................................

গ) ..........................................................................

ঘ) ..........................................................................

.......................... ..........................

শ্রেণি শিক্ষকরে স্বাক্ষর শিক্ষার্থীর স্বাক্ষর

১৬। নিচের যে কোনো একটি বিষয় নিয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ: ১০

ক) শব্দদূষণ : সংকেত: ভূমিকা, শব্দদূষণ কী, শব্দ দুষনের কারণ, শব্দদূষণের ফলাফল বা প্রতিক্রিয়া, শব্দদূষণ প্রতিরোধের উপায়, উপসংহার।

খ) সুন্দরবনের জীবজন্তু : সংকেত: ভূমিকা, সুন্দরবনের অবস্থান, সুন্দরবনের প্রাণী, প্রাণীদের বিলুপ্তি ও রক্ষা, উপসংহার।

গ) আমাদের দেশ : সংকেত: ভূমিকা, বাঙালির ভাষা, বাংলাদেশের ক্ষুদ্র জাতিগোষ্ঠী ধর্ম ও ধর্মীয় উৎসব, পেশা,প্রাকৃতিক বৈচিত্র, উপসংহার।

Copyright Md Shah Jamal